

স্মারক নং-বিএনসি/প্রশা-৪৮(৫)/২০১৫/৫৯৯(২০০)

তারিখঃ ০৬ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সৎশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির ২৮ আগস্ট ২০১৫খ্রিঃ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক কম্প্রহেনসিভ/ লাইসেন্সিং পরীক্ষা সম্ভাব্য ২৬ ফেব্রুয়ারি ২০১৬খ্রিঃ শুক্রবার, সকাল ১০.০০ ঘটিকা হতে **ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকায়** অনুষ্ঠিত হবে। যা স্মারক নং-বিএনসি/প্রশা-৪৮(৬)/২০১৫/৪৩৭, তারিখঃ ২৮ আগস্ট ২০১৫খ্রিঃ মারফত পূর্বেই অবহিত করা হয়। উক্ত পরীক্ষায় ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি (১ম ব্যাচ) ও ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্স সম্পন্নকারি এবং বিএসসি ইন-নার্সিং কোর্সের ইন্টার্নশীপ সমাপ্তকারি-সহ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভূতাপেক্ষ অনুমোদনপ্রাপ্ত প্রার্থীগণ অংশগ্রহণ করতে পারবেন।

উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ **৪ জানুয়ারি ২০১৬খ্রিঃ বেলা-৩.০০ ঘটিকা**। বিলম্ব ফি-সহ জমা দেয়ার শেষ তারিখঃ **১১ জানুয়ারি ২০১৬খ্রিঃ বেলা-৩.০০ ঘটিকা**। উল্লেখ্য যে, ফরম জমা হওয়ার পর পরীক্ষার তারিখ ও সময়-সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি ([www.bnmc.gov.bd](http://www.bnmc.gov.bd) ওয়েব সাইটে) প্রকাশ করা হবে।

**পরীক্ষার ফরম পূরণের শর্তাবলী/নিয়মাবলীঃ**

১. পরীক্ষার ফরমে প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম কালো কালির বলপেন দ্বারা ইংরেজি বড় হাতের অক্ষরে (Capital Letter) পূরণ করতে হবে।
২. ফরমের নির্ধারিত স্থানে অধ্যক্ষ/ ইনচার্জের স্বাক্ষর, সীল ও তারিখ অবশ্যই দিতে হবে।
৩. ফরমের সাথে বিএনসি'র স্টুডেন্ট রেজিস্ট্রেশন, কোর্স সমাপ্তির নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি (অকৃতকার্যদের ক্ষেত্রে পরীক্ষার প্রবেশপত্রের কপি) অধ্যক্ষ/ ইনচার্জ এর নামযুক্ত সীলসহ সত্যায়িত করে জমা দিতে হবে।
৪. বেসিক বিএসসি ইন-নার্সিং প্রার্থীদের ক্ষেত্রে বিএনসি'র স্টুডেন্ট রেজিস্ট্রেশন, ইন্টার্নশীপ সমাপ্তির সার্টিফিকেট, বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট ও মার্কসীট এর ফটোকপি অধ্যক্ষ দ্বারা সত্যায়িত করে জমা দিতে হবে।
৫. স্ট্যাম্প সাইজের তিন কপি ছবি ফরমের নির্ধারিত স্থানে আইকা দিয়ে লাগানোর পর অধ্যক্ষ/ ইনচার্জ কর্তৃক ছবি ও ফরম মিলিয়ে স্বাক্ষর করবেন, যেন ছবির চেহারা ও রোল নম্বরের ঘর ঢেকে না যায়।
৬. ফরমের সাথে পরীক্ষার ফি বাবদ জনপ্রতি ২,০০০/= (দুই হাজার) টাকা একত্রে “বাংলাদেশ নার্সিং কাউন্সিল” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।
৭. বিলম্ব ফি জনপ্রতি ১০০/- (একশত টাকা)।

**সংযুক্তিঃ**

প্রেরিত পরীক্ষার আবেদন ফরমের সংখ্যা. .... .টি।

উক্ত পরীক্ষার নমুনা প্রশ্ন ফরমের সাথে  
ডাকযোগে অথবা [shuriya@bnmc.gov.bd](mailto:shuriya@bnmc.gov.bd)  
ই-মেলে পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

  
(সুরাইয়া বেগম)  
রেজিস্ট্রার

ফোন-৯৫৬১১১৬, ৭১২৬১৩৩, ৯৫৬৪১৫৯

টেলি-ফ্যাক্সঃ ৯৫৬১১১৬

ই-মেইল:info@bnmc.gov.bd

**অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ**

১. সভাপতি, বাংলাদেশ নার্সিং কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি ও পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি স্বাস্থ্য উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, সেবা পরিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং কলেজ/ ইনস্টিটিউট. .... .
৫. হিসাব শাখা, বাংলাদেশ নার্সিং কাউন্সিল।
৬. ওয়েব সাইট মেইনটেইনারস, বাংলাদেশ নার্সিং কাউন্সিল (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।